



## يَا أَيُّهَا الْإِنْسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ

হে মানুষ! তুমি কঠোর পরিশ্রম করতে করতে তোমার রবের দিকে এগিয়ে যাচ্ছে, পরে তাঁর সাথে সাক্ষাত করবে।

(আল-ইনশিকাক / আয়াত ৬)

অর্থাৎ দুনিয়ায় আমরা যা কিছু কষ্ট সাধনা প্রচেষ্টা ও সংগ্রাম চালিয়ে যাচ্ছি, সে সম্পর্কে মনে হতে পারে যে, তা কেবল দুনিয়ার জীবন পর্যন্ত সীমাবদ্ধ এবং দুনিয়াবী স্বার্থ লাভ করাই তার উদ্দেশ্য। কিন্তু আসলে আমরা সচেতন বা অচেতনভাবে নিজের রবের দিকেই এগিয়ে যাচ্ছি এবং অবশেষে আমাদেরকে তাঁর কাছেই পৌঁছতে হবে।

মানুষ এই দুনিয়ায় কঠিন পরিশ্রম করে যাচ্ছে, তার দ্বায়িত্ব পালন করছে এবং মানুষিক এবং শারীরিকভাবে তার বল প্রয়োগ করে যাচ্ছে।

এসবই সে করছে দিনের শেষে আল্লাহর দরবারে ফিরে যাওয়ার জন্য, যেমনটি অন্যান্য সৃষ্টি করে থাকে।

মানুষ তার এই পরিশ্রমটাকে আনন্দের সাথে উপভোগ করছে! এই দুনিয়ায় কিছুই কষ্ট করা ছাড়া সহজে এসে ধরা দেয় না। যদি কোন সময় এমন হয়ে থাকে যে শারীরিক পরিশ্রম দরকার হয় না তাহলে সেখানে অবশ্যই কিছু মানুষিক আবেগ কাজে লাগাতে হয়।

এই দুনিয়ায় ধনী এবং গরীব একই রকম, যদিও তাদের পরিশ্রমের ধরন এবং আকারের ভিন্নতা রয়েছে।

দুনিয়ার জীবনে কঠোর পরিশ্রমটাই হচ্ছে সবকিছুর উর্ধে সেটাই আমাদের বার বার মনে করিয়ে দেয়।

কিন্তু যখন আমরা আমাদের প্রভুর সাথে মিলিত হবো, তখন আমাদের দুই ভাগে ভাগ করা হবে:

একজন কষ্ট স্বীকার করবে এই দুনিয়ার কষ্টের তুলনায় আরও অনেক বেশী এবং অন্য আরেকটি দল যারা তাদের আত্মসমর্পণ এবং আনুগত্য দেখিয়েছেন আল্লাহর সামনে, তারা তখন এমন বিশ্রামে থাকবে যে দুনিয়ার এই পরিশ্রমের কথা ভুলে যাবে।

সূত্রঃ In the Shade of Al-Quran by Syed Qutub / Tafhimul Quran / ভাবানুবাদ; ফাতিমা বিনতে আযাদ